

মুগান্ধি

প্রিন্ট: ১২ অক্টোবর ২০২৫, ১০:১৪ এএম

শিক্ষাঙ্গন

রাবি ক্যাম্পাসে রঞ্জিট শিক্ষার্থীকে ছুরিকাঘাত



রাজশাহী বৃহরো

প্রকাশ: ১১ অক্টোবর ২০২৫, ০৮:০৩ পিএম



রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দুর্ভুতদের ছুরিকাঘাতে স্বাধীন আহমেদ নামে এক শিক্ষার্থী আহত হয়েছেন। স্বাধীন রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রঞ্জেট) সিরামিক অ্যান্ড মেটালজিকাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী।

ঘটনাটি ঘটেছে শুক্রবার (১০ অক্টোবর) রাত সাড়ে আটটার দিকে বিশ্ববিদ্যালয়ের জুবেরী ভবনের পাশের মাঠে। পরে স্থানীয়রা তাকে উদ্বার করে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। প্রাথমিক চিকিৎসা শেষে রাতে তাকে ছেড়ে দেওয়া হয়।

প্রত্যক্ষদর্শীদের জানিয়েছে, রাতের ওই সময়ে স্বাধীন কাজলা গেট হয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রবেশ করছিলেন। তিনি জুবেরী ভবনের আগে শেখ রাসেল মডেল স্কুলের পাশের মাঠে পৌঁছালে দুই-তিনজন অঙ্গাতপরিচয় যুবক তার পথরোধ করে। কথা বলার আগেই দুর্ভুত ধারালো অন্ত দিয়ে তার ওপর হামলা চালায়। এতে তার খুতনি ও বাম হাতে আঘাত লাগে। স্বাধীনের চিৎকার শুনে আশপাশের লোকজন এগিয়ে এলে হামলাকারীরা পালিয়ে যায়। এরপর স্থানীয়রা আহত শিক্ষার্থীকে উদ্বার করে হাসপাতালে নিয়ে যান। খবর পেয়ে রঞ্জেট প্রশাসনের শিক্ষক ও কর্মকর্তারা রাতেই হাসপাতালে ছুটে যান।

‘সুস্থ থাকতে নিয়মিত ব্যায়াম করতে হবে’

রঞ্জেটের ছাত্রকল্যাণ দপ্তরের পরিচালক অধ্যাপক মো. রবিউল ইসলাম সরকার বলেন, ‘ঘটনাস্থল রাজশাহী বিশ্ববিদ্যালয় এলাকায়, তাই বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর অফিসকে বিষয়টি জানানো হয়েছে। তারা অপরাধীদের শনাক্ত করে আইনের আওতায় আনতে সহযোগিতার আশ্বাস দিয়েছেন।’

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর অধ্যাপক মাহবুবর রহমান বলেন, ঘটনার তদন্ত চলছে এবং রঞ্জেট প্রশাসনের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে। মতিহার থানার ওসি আবদুল মালেক বলেন, এ ঘটনায় শান্তিরাজ সরকার পর্যবেক্ষণ ব্যৱস্থা স্থাপন করে। স্থানীয় হলে তাঁর করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

▼